



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স

ই-১৩/ডি, আগারগাঁও

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৬ নভেম্বর ২০২৫ খ্রি.

**রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সীমানার বাইরে সংঘটিত অগ্নিকাণ্ড দ্রুত সময়ের মধ্যে সফলভাবে নিয়ন্ত্রণ –
বিভ্রান্ত না হওয়ার আহ্বান**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প কর্তৃপক্ষের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, আজ ০৬ নভেম্বর ২০২৫ খ্রি. দুপুর ১২:২০ মিনিটে কেন্দ্রের সীমানার বাইরে পদ্মা নদী ও ইছামতী নদীর প্রবাহ সচল রাখার জন্য তৈরিকৃত কৃত্রিম চ্যানেলের পাশে ডাম্পিং কাঠের বর্জ্য অপসারণকালে একটি ছোট আকারের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। উক্ত ঘটনাস্থলে কর্মরত ইমামুল এন্টারপ্রাইজের কয়েক জন শ্রমিক তাৎক্ষণিকভাবে বিষয়টি প্রকল্পের কন্ট্রোল রুমে জানায়। কন্ট্রোল রুম থেকে দ্রুততম সময়ে প্রকল্পের নিজস্ব ফায়ার ইউনিট, রূপপুর মডার্ন ফায়ার স্টেশন এবং গ্রিনসিটি ফায়ার স্টেশনকে অবহিত করা হয়।

সংশ্লিষ্ট ফায়ার ইউনিটসমূহ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সম্মিলিতভাবে অগ্নি-নির্বাণ কার্যক্রম শুরু করে। তাদের কার্যকর পদক্ষেপে মাত্র ৪০ মিনিটের মধ্যে, অর্থাৎ দুপুর ০১:০০ টায় আগুন সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে আনা হয় এবং দুপুর ১:৫০ টায় নির্বাণ কার্যক্রম সম্পন্ন ঘোষণা করা হয়। এই ঘটনায় প্রকল্পের কোনো ক্ষতি হয়নি এবং প্রকল্পের সামগ্রিক কার্যক্রমে কোনো ধরনের প্রভাব পড়েনি এবং অগ্নিকাণ্ডের সূত্রপাত জানার কাজ চলমান আছে।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের পক্ষ থেকে দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল ফায়ার সার্ভিস ইউনিট, কর্মী ও দায়িত্বশীলদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হচ্ছে।

আমরা সকলকে এই বিষয়ে বিভ্রান্তি বা গুজবে কান না দেওয়ার জন্য অনুরোধ করছি।

বার্তা প্রেরক,

সৈকত আহমেদ

উর্ধ্বতন বৈজ্ঞানিক তথ্য কর্মকর্তা

এবং ফোকাল পয়েন্ট (গণ মাধ্যম)

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।